# এভারকেয়ারে খালেদা জিয়ার খোঁজখবর নিতে প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার চিকিৎসা পরিস্থিতি জানতে বুধবার (৩ ডিসেম্বর) সন্ধ্যায় এভারকেয়ার হাসপাতালে পৌঁছান প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। হাসপাতাল কর্মকর্তাদের সঙ্গে তিনি কিছুক্ষণ কথা বলেন এবং চিকিৎসাসেবা সম্পর্কে খোঁজ নেন।

চিকিৎসা দলের সদস্যরা জানিয়েছেন, খালেদা জিয়ার শারীরিক অবস্থা বেশ জটিল অবস্থায় রয়েছে। পরিস্থিতি পুরোপুরি উন্নত না হলেও তিনি নিয়মিত চিকিৎসা নিচ্ছেন। দীর্ঘ সময় ধরে আর্থ্রাইটিস, ডায়াবেটিস, কিডনি ও ফুসফুস-সংক্রান্ত সমস্যাসহ একাধিক জটিলতায় ভুগছেন তিনি।

২৩ নভেম্বর রাতে নিয়মিত পরীক্ষার জন্য গুলশানের বাসা থেকে তাকে হাসপাতালে নেওয়া হয়। পরে মেডিকেল বোর্ডের পরামর্শে ভর্তি করার পর থেকে তার শারীরিক অবস্থায় ওঠানামা করছে বলে দলীয় সূত্র জানায়।

এদিকে, সোমবার খালেদা জিয়াকে ‘অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি’ বা ভিআইপি তালিকায় অন্তর্ভুক্ত করে অন্তর্বর্তী সরকার। সিদ্ধান্তের গেজেট প্রকাশ হওয়ায় এসএসএফ তার জন্য বিশেষ নিরাপত্তা ব্যবস্থা কার্যকর করেছে।

LENS ASIA